LankaBangla SECURITIES

দৈনিক সংবাদ সংক্ষেপ

বুধবার ৯ই আগস্ট ২০১৭ ইং

দ্রুত জনপ্রিয় হচ্ছে এজেন্ট ব্যাংকিং

ব্যাংকের শাখা খোলা ব্যয়বহুল। তাই শাখা না খুলে সীমিত পরিসরে ব্যাংকিং সেবা দেওয়ার লক্ষ্যে বছরতিনেক আগে শুরু হয় এজেন্ট ব্যাংকিং। এখানে বাড়তি চার্জ নেই। চেকের মাধ্যমে টাকা তোলার পাশাপাশি ডেবিট কার্ডও ব্যবহারের সুযোগ রয়েছে। এই ব্যাংকিংয়ের সেবার তালিকায় বর্তমানে যুক্ত হয়েছে ওয়েস্টার্ন ইউনিয়নের মাধ্যমে আসা রেমিট্যান্স। ফলে দ্রুত জনপ্রিয় হয়ে উঠছে নতুন এই ব্যাংকিং ধারণাটি। ক্রমাগত বাড়ছে গ্রাহক, বাড়ছে লেনদেন।http://www.kalerkantho.com

মিয়ানমারের চাল আসছে টেকনাফ হয়ে

এক হাজার ২০০ মেট্রিক টন চাল নিয়ে মিয়ানমার থেকে আরো দুটি জাহাজ টেকনাফ স্থলবন্দরে ভিড়েছে। গত শুক্রবার সকালে ও বৃহস্পতিবার সন্ধ্যায় জাহাজ দুটি টেকনাফ স্থলবন্দরে পৌঁছে। ইতিমধ্যে এ থেকে ৪৫০ মেট্রিক টন চাল খালাস হয়েছে। এর আগে গত জুলাইয়ে ২ হাজার ৭০ মেট্রিক টন চাল মিয়ানমার থেকে টেকনাফ বন্দরে আমদানি করেছে ব্যবসারীরা।http://www.kalerkantho.com

মানবসম্পদ উন্নয়নে ৫৭ কোটি টাকা দিচ্ছে জাপান

মানবসম্পদ উন্নয়নে প্রায় ৫৭ কোটি টাকা অনুদান দিচ্ছে জাপান। এ অর্থ সরকারি কর্মকর্তাদের উচ্চশিক্ষার জন্য দ্য প্রজেক্ট ফর হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট স্কলারশিপ শীর্ষক প্রকল্প বাস্তবায়নে ব্যয় করা হবে। প্রকল্পের আওতায় তিন ও চার বছর মেয়াদি সাইকেলে আলাদাভাবে ২৪ কোটি ৮২ লাখ ৯৬ হাজার টাকা ও ৩২ কোটি ৩ লাখ টাকা প্রদান করবে দেশটি। রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে মঙ্গলবার এ উপলক্ষে অনুদান চুক্তি ও বিনিময় নোট সই হয়েছে। এতে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সচিব কাজী শফিকুল আযম এবং বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত মাসাতো ওয়াতানাবে ও ঢাকায় নিযুক্ত জাপান আন্তর্জাতিক সহযোগিতা সংস্থার (জাইকা) চিফ রিপ্রেজেন্টেটিভ তাকাতোষি নিশিকাতা সই করেন।http://www.jugantor.com

পর্যটন মেলা শুরু কাল

আগামীকাল বৃহস্পতিবার শুরু হচ্ছে সপ্তম ‘বাংলাদেশ ইন্টারন্যাশনাল ট্যুরিজম ফেয়ার-২০১৭’। বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) অনুষ্ঠিত হবে এ মেলা। বাংলাদেশ ফাউন্ডেশন ফর ট্যুরিজম ডেভেলপমেন্ট (বিএফটিডি) ও দাওয়াত হলিডেজ যৌথভাবে এ মেলার আয়োজন করছে। তিন দিনের এ মেলা চলবে ১২ আগস্ট (শনিবার) পর্যন্ত। মঙ্গলবার দুপুরে জাতীয় প্রেস ক্লাবের কনফারেন্স লাউঞ্জে এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানানো হয়। করেন।http://www.jugantor.com

খেলাপি ঋণীর প্রাসাদ বিলাস

গাজীপুরের টঙ্গীতে নয় একর জায়গার ওপর প্রাসাদোপম অট্টালিকা ‘বুলবুল’। হেলিপ্যাড থেকে শুরু করে সুইমিংপুল, স্টিমবাথসহ রয়েছে আধুনিক সব সুবিধাই। চারতলা ভবনের আসবাবসহ অন্দরসজ্জার প্রায় সব উপকরণই এসেছে বিদেশ থেকে। বিলাসবহুল এ অট্টালিকা নির্মাণে

আনন্দ শিপইয়ার্ডের কর্ণধার আবদুল্লাহেল বারী ব্যয় করেছেন ৩০০ কোটি টাকার বেশি। জনশ্রুতি আছে, এ ব্যয়ের সবটাই তিনি করেছেন আনন্দ শিপইয়ার্ডের নামে নেয়া ঋণের অর্থে। জাহাজ নির্মাণকারী প্রতিষ্ঠানটির কাছে বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের পাওনা এখনো প্রায় দেড় হাজার কোটি টাকা। এর বড় অংশ আবার খেলাপি।http://bonikbarta.net

গ্ল্যাক্সোস্মিথক্লাইনের মুনাফা নিম্নমুখী

২০১৬ সালের প্রথমার্ধে বিক্রি কমায় উত্পাদন ব্যয় হ্রাসের সুফল পায়নি গ্ল্যাক্সোস্মিথক্লাইন (জিএসকে) বাংলাদেশ লিমিটেড। তখন কোম্পানিটির নিট মুনাফা প্রায় ১৮ শতাংশ কমে গিয়েছিল। এদিকে চলতি হিসাব বছরের প্রথমার্ধে বিক্রির সঙ্গে বেড়েছে উত্পাদন খরচও। ফলাফল নিট মুনাফা ২৪ শতাংশ হ্রাস। চলতি হিসাব বছরের উভয় প্রান্তিকেই (প্রথম ও দ্বিতীয়) কোম্পানিটির মুনাফায় নিম্নমুখী প্রবণতা দেখা যাচ্ছে।কোম্পানির সর্বশেষ অনিরীক্ষিত আর্থিক প্রতিবেদনে দেখা যায়, চলতি হিসাব বছরের প্রথমার্ধে (জানুয়ারি থেকে জুন) জিএসকের পণ্য বিক্রি বেড়েছে ৪ দশমিক ৭৮ শতাংশ। তবে এর বিপরীতে উত্পাদন ব্যয় বেড়েছে ৯ দশমিক ৮৪ শতাংশ। ফলে প্রথমার্ধে কোম্পানির গ্রস (মোট) মুনাফা ২ দশমিক ৭১ শতাংশ কমে হয় ১২৫ কোটি টাকা।http://bonikbarta.net

বাংলাদেশে ২০০ কোটি ডলার জাপানি বিনিয়োগের সম্ভাবনা

বাংলাদেশে প্রায় ২০০ কোটি ডলার বিনিয়োগ করতে পারে জাপান। সম্প্রতি বাংলাদেশের সরকারি ও বেসরকারি প্রতিনিধিদের সিঙ্গাপুর সফরকালে তাদের সঙ্গে জাপানের ব্যবসায়ীদের আলোচনা হয়। এ আলোচনায় বাংলাদেশে বড় আকারের জাপানি বিনিয়োগ আসার এমন সম্ভাবনা তৈরি হয়েছে। গতকাল রাজধানীর একটি হোটেলে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিআইডিএ) আয়োজিত সংবাদ সম্মেলনে সিঙ্গাপুর সফরের ফলাফল উপস্থাপন করতে গিয়ে বক্তারা এমনটি জানান।http://bonikbarta.net

ভোক্তা অধিকার সংরক্ষণে জনসচেতনতা তৈরির আহ্বান

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের রংপুর বিভাগীয় কার্যালয়ের কর্মকর্তাদের সঙ্গে রংপুর চেম্বারের পরিচালনা পর্ষদের এক মতবিনিময় সভা গতকাল অনুষ্ঠিত হয়েছে। ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ ছিল এ সভার মূল আলোচ্য বিষয়। রংপুর চেম্বারের বোর্ডরুমে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন সংগঠনটির সভাপতি মোস্তফা সোহরাব চৌধুরী টিটু। এতে প্রধান অতিথি ছিলেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের রংপুর বিভাগীয় কার্যালয়ের উপপরিচালক (উপসচিব) খন্দকার মোহাম্মদ নূরুল আমিন।http://bonikbarta.net

বৈশ্বিক চাহিদা হ্রাস নিয়ে নতুন উদ্বেগ

জুলাইয়ে চীনের আমদানি ও রফতানি কার্যক্রমে প্রত্যাশিত গতি ছিল না। জার্মানির বাণিজ্যিক কার্যক্রমও শ্লথ হয়ে পড়েছে। ইউরোপীয় কেন্দ্রীয় ব্যাংক ও মার্কিন ফেডের প্রণোদনা কমিয়ে আনার মুহূর্তে দেশ দুটির বাণিজ্যের এ অবস্থা আন্তর্জাতিক পর্যায়ে পণ্যের চাহিদা হ্রাস নিয়ে উদ্বেগ সৃষ্টি করেছে। খবর রয়টার্স ও এএফপি।http://bonikbarta.net

আমদানি জটিলতায় সরবরাহ সংকটের আশঙ্কা

দেশের অভ্যন্তরীণ বাজারের চাহিদা পূরণের জন্য পাঁচ লাখ টন লবণ আমদানির সিদ্ধান্ত নিয়েছিল সরকার। তবে আমলাতান্ত্রিক জটিলতার জের ধরে এখনো এলসি খুলতে পারেননি আমদানিকারকরা। এ কারণে আসন্ন কোরবানির ঈদে চামড়া প্রক্রিয়াজাত করার জন্য পণ্যটির ঘাটতি দেখা

দিতে পারে বলে আশঙ্কা করছেন খাতসংশ্লিষ্টরা। একই সঙ্গে অস্তিত্বহীন ও বন্ধ মিলকে সচল দেখিয়ে শিল্প মন্ত্রণালয়-সংশ্লিষ্ট একটি সিন্ডিকেট লবণ আমদানির অনুমতি পেতে সক্রিয় রয়েছে বলে অভিযোগ করেছেন সংশ্লিষ্ট ব্যবসায়ী ও আমদানিকারকরা।http://bonikbarta.net